

১২০ নং

তাল--একতালা

সতীদের গুণের নাই তুলনা—

সতী নারী পতি বিনে তিলান্ন বাঁচে না ।

- ১। সতী নারী ভবে যে জন, পূজা করে পতির চরণ,
তারা অন্য দিকে চায় না ।
প্রাণ গেলেও চাতকিনী, মেঘ বিনে জল
খায় না ॥
- ২। সাবিত্রী, বেহলা সতী, বাঁচাইল মরা পতি,
আছে পুরাণে বর্ণনা ।
সতী নারীর পতি কখনও, যমে ছুঁইতে পারে না ॥
- ৩। পতি নিন্দা কর্ণে শুনি, প্রাণ ত্যাঞ্জিল দাক্ষ্যায়ণী,
দক্ষের ছাগমুণ্ড নিশানা ।
পতি পরায়ণা সতী, তারে ভয় করে কেলেসোনা ॥
- ৪। পতি থুয়ে অন্যে ভজে, সে নারী নরকে মজে,
তারে লোকে সমাজে লয় না ।
মরলে পরে শ্মশানেতে, তারে আগুন লইতে
চায় না ॥
- ৫। অভয় বলে ওরে নিপুণ, অসতীর কপালে আগুন,
ও তার মুখ দেখিতে হয় না ।
যে ভোলে অসতীর মায়ায়, ও তার দুঃখ
আর যাবে না ॥
--অভয়চরণ কবিরাজ

